




তালিকা নং-০৭

শিশু নিরাপত্তা বীমা (লাভ-ক্ষতি ভিত্তিক)

Child Protection Assurance (with Profits)

এই বীমা যুগ্মভাবে প্রিমিয়াম দাতা ও শিশুর জীবনের উপর দেয়া হয়। সাধারণত শিশুর পিতা প্রিমিয়াম দাতা হিসেবে বিবেচিত হন। যদি পিতা জীবিত না থাকেন অথবা বীমা গ্রহণের অযোগ্য বলে বিবেচিত হন, তাহলে শিশুর মাতা প্রিমিয়াম দাতা হতে পারেন। শিশুর মাতাকে সে ক্ষেত্রে অবশ্যই শিক্ষিতা (মাধ্যমিক বা সমমানের পরীক্ষা পাশ) হতে হবে এবং যে কোন বৃত্তি থেকে তার নিজস্ব রোজগার থাকতে হবে। মাতা-পিতা ভিন্ন অন্য কেউ প্রিমিয়াম দাতা হতে পারবে না। এই পরিকল্পনের অধীনে শিশুর মেয়াদপূর্তিকালীন বয়স ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। এই বীমার সর্বনিম্ন ৬ মাস হতে ১৫ বছর বয়স্ক শিশুর জন্য নেয়া যেতে পারে এবং ১০ থেকে ২০ বছর মেয়াদের হতে পারে। এই পরিকল্পনের সাথে কোন অতিরিক্ত বীমা দেয়া হয় না। প্রদত্ত প্রিমিয়ামের উপর আয়কর রেয়াত পাওয়া যায়। বীমা দাবীর টাকাও আয়কর মুক্ত।

শিশুর ডাক্তারী পরীক্ষাবিহীন কোন প্রস্তাব বিবেচনা করা যাবে না। প্রিমিয়াম দাতার অবলিখন নিয়ম অনুযায়ী ডাক্তারী পরীক্ষা নেয়া হবে। শিশু ডাক্তারী পরীক্ষায় ও প্রিমিয়াম দাতা উভয়েই উন্নতমান জীবন হিসেবে প্রতীয়মান হলে প্রস্তাব গৃহীত হবে। এই পরিকল্পনের অধীনে শিশুর জন্য বহুমুখী আর্থিক নিরাপত্তা প্রদান করা হয়। যদি মেয়াদপূর্তির পূর্বে প্রিমিয়াম দাতার মৃত্যু হয় তাহলে মৃত্যুর দিন থেকে মেয়াদপূর্তি পর্যন্ত দেয় প্রিমিয়াম মওকুফ হয়ে যায় এবং শিশুকে নিম্নোক্ত সুবিধা প্রদান করা হয়

(ক) প্রতি হাজার টাকা বীমার জন্য বার্ষিক ১২০ টাকা হারে মৃত্যুকাল হতে শুরু করে মেয়াদপূর্তি পর্যন্ত অথবা মেয়াদপূর্তির পূর্বে শিশুর মৃত্যু হলে শিশুর মৃত্যুর দিন পর্যন্ত দেয়া হয়।
(খ) মেয়াদান্তে অর্জিত বোনাসসহ বীমার সম্পূর্ণ টাকা প্রদান করা হয়। এই সুবিধাসমূহ বীমাকাল পর্যন্ত এবং পরবর্তী সময়ের জন্য শিশুর নিরাপত্তার ব্যবস্থা করে। যদি প্রিমিয়াম দাতা ও শিশু দুজনেই বীমার মেয়াদপূর্তি পর্যন্ত বেঁচে থাকেন, তাহলে মেয়াদ শেষে অর্জিত বোনাসসহ বীমাকৃত অর্থ প্রদান করা হয়। যদি মেয়াদ পূর্তির পূর্বে শিশুর মৃত্যু হয় তাহলে নিম্ন বর্ণিত তালিকা অনুসারে বীমার টাকা প্রিমিয়াম দাতাকে দেয়া হয়।

শিশুর মৃত্যুকালে বীমার চলমান মেয়াদকাল- সুবিধা

- ০ থেকে ৬ মাস পর্যন্ত - বীমা অংকের ২৫%
- ৬ মাসের অধিক কিন্তু ১২ মাসের অধিক নয় - বীমা অংকের ৫০%
- ১২ মাসের অধিক কিন্তু ২৪ মাসের অধিক নয় - বীমা অংকের ৭৫%
- ২৪ মাসের অধিক - বীমা অংকের ১০০%



নিকটতম জন্মদিনে বয়স	প্রতি এক হাজার টাকা বীমা অংকের জন্য বার্ষিক প্রিমিয়ামের হার											
	বীমার মেয়াদ											
	১০ বছর	১১ বছর	১২ বছর	১৩ বছর	১৪ বছর	১৫ বছর	১৬ বছর	১৭ বছর	১৮ বছর	১৯ বছর	২০ বছর	২১ বছর
২০	১১৬.৪	১০৬.১	৯৭.৬	৯০.৪	৮৪.৩	৭৯	৭৪.৪	৭০.৪	৬৬.৮	৬৩.৭	৬০.৮	৬০.৮
২১	১১৬.৪	১০৬.১	৯৭.৬	৯০.৪	৮৪.৩	৭৯	৭৪.৪	৭০.৪	৬৬.৮	৬৩.৭	৬০.৯	৬০.৯
২২	১১৬.৪	১০৬.১	৯৭.৬	৯০.৪	৮৪.৩	৭৯	৭৪.৪	৭০.৪	৬৬.৯	৬৩.৭	৬০.৯	৬০.৯
২৩	১১৬.৫	১০৬.২	৯৭.৬	৯০.৪	৮৪.৩	৭৯	৭৪.৫	৭০.৪	৬৬.৯	৬৩.৮	৬১	৬১
২৪	১১৬.৫	১০৬.২	৯৭.৬	৯০.৫	৮৪.৩	৭৯.১	৭৪.৫	৭০.৫	৬৬.৯	৬৩.৮	৬১	৬১
২৫	১১৬.৫	১০৬.২	৯৭.৭	৯০.৫	৮৪.৪	৭৯.১	৭৪.৫	৭০.৫	৬৭	৬৩.৯	৬১.১	৬১.১
২৬	১১৬.৫	১০৬.২	৯৭.৭	৯০.৫	৮৪.৪	৭৯.১	৭৪.৬	৭০.৬	৬৭.১	৬৪	৬১.২	৬১.২
২৭	১১৬.৫	১০৬.২	৯৭.৭	৯০.৬	৮৪.৫	৭৯.২	৭৪.৭	৭০.৭	৬৭.২	৬৪.১	৬১.৪	৬১.৪
২৮	১১৬.৬	১০৬.৩	৯৭.৮	৯০.৬	৮৪.৫	৭৯.৩	৭৪.৭	৭০.৮	৬৭.৩	৬৪.২	৬১.৫	৬১.৫
২৯	১১৬.৬	১০৬.৩	৯৭.৮	৯০.৭	৮৪.৬	৭৯.৪	৭৪.৯	৭০.৯	৬৭.৫	৬৪.৪	৬১.৭	৬১.৭
৩০	১১৬.৭	১০৬.৪	৯৭.৯	৯০.৮	৮৪.৭	৭৯.৫	৭৫	৭১	৬৭.৭	৬৪.৬	৬২	৬২
৩১	১১৬.৭	১০৬.৫	৯৮	৯০.৯	৮৪.৯	৭৯.৭	৭৫.২	৭১.৩	৬৭.৯	৬৪.৯	৬২.৩	৬২.৩
৩২	১১৬.৮	১০৬.৬	৯৮.১	৯১	৮৫	৭৯.৯	৭৫.৪	৭১.৫	৬৮.২	৬৫.২	৬২.৬	৬২.৬
৩৩	১১৬.৯	১০৬.৭	৯৮.৩	৯১.২	৮৫.২	৮০.১	৭৫.৭	৭১.৯	৬৮.৫	৬৫.৬	৬৩	৬৩
৩৪	১১৭.১	১০৬.৯	৯৮.৫	৯১.৫	৮৫.৫	৮০.৪	৭৬	৭২.২	৬৮.৯	৬৬	৬৩.৬	৬৩.৬
৩৫	১১৭.৩	১০৭.১	৯৮.৭	৯১.৭	৮৫.৮	৮০.৮	৭৬.৪	৭২.৭	৬৯.৪	৬৬.৬	৬৪.২	৬৪.২
৩৬	১১৭.৫	১০৭.৪	৯৯	৯২	৮৬.২	৮১.২	৭৬.৯	৭৩.২	৭০	৬৭.২	৬৪.৮	৬৪.৮
৩৭	১১৭.৮	১০৭.৭	৯৯.৪	৯২.৫	৮৬.৬	৮১.৭	৭৭.৪	৭৩.৮	৭০.৭	৬৮	৬৫.৬	৬৫.৬
৩৮	১১৮.১	১০৮.১	৯৯.৮	৯৩	৮৭.২	৮২.৩	৭৮	৭৪.৫	৭১.৪	৬৮.৮	৬৬.৫	৬৬.৫
৩৯	১১৮.৫	১০৮.৫	১০০.৪	৯৩.৫	৮৭.৮	৮২.৯	৭৮.৮	৭৫.৩	৭২.৩	৬৯.৭	৬৭.৫	৬৭.৫
৪০	১১৯	১০৯.১	১০০.৯	৯৪.২	৮৮.৫	৮৩.৭	৭৯.৭	৭৬.২	৭৩.৩	৭০.৮	৬৮.৭	৬৮.৭
৪১	১১৯.৬	১০৯.৭	১০১.৬	৯৪.৯	৮৯.৩	৮৪.৬	৮০.৬	৭৭.২	৭৪.৪	৭২	৭০	৭০
৪২	১২০.২	১১০.৪	১০২.৪	৯৫.৭	৯০.২	৮৫.৬	৮১.৭	৭৮.৪	৭৫.৭	৭৩.৪	৭১.৪	৭১.৪
৪৩	১২০.৯	১১১.২	১০৩.২	৯৬.৭	৯১.৩	৮৬.৭	৮২.৯	৭৯.৭	৭৭	৭৪.৯	৭৩	৭৩
৪৪	১২১.৮	১১২.১	১০৪.২	৯৭.৮	৯২.৪	৮৮	৮৪.৩	৮১.২	৭৮.৬	৭৬.৬	৭৪.৯	৭৪.৯
৪৫	১২২.৭	১১৩.১	১০৫.৩	৯৯	৯৩.৭	৮৯.৪	৮৫.৮	৮২.৮	৮০.৪	৭৮.৪	৭৬.৯	৭৬.৯
৪৬	১২৩.৭	১১৪.২	১০৬.৬	১০০.৩	৯৫.২	৯০.৯	৮৭.৪	৮৪.৬	৮২.৩	৮০.৫	৭৯	৭৯
৪৭	১২৪.৮	১১৫.৫	১০৭.৯	১০১.৮	৯৬.৭	৯২.৬	৮৯.৩	৮৬.৬	৮৪.৪	৮২.৮	৮১.৫	৮১.৫
৪৮	১২৬.১	১১৬.৮	১০৯.৪	১০৩.৪	৯৮.৫	৯৪.৫	৯১.৩	৮৮.৭	৮৬.৮	৮৫.৩	৮৪.২	৮৪.২
৪৯	১২৭.৫	১১৮.৩	১১১	১০৫.১	১০০.৪	৯৬.৬	৯৩.৫	৯১.১	৮৯.৩	৮৮	৯০.৪	৯০.৪
৫০	১২৯	১২০	১১২.৮	১০৭.১	১০২.৫	৯৮.৯	৯৬	৯৩.৮	৯২.২	৯১		
৫১	১৩০.৭	১২১.৮	১১৪.৮	১০৯.২	১০৪.৮	১০১.৩	৯৮.৭	৯৬.৭	৯৫.৩	৯৪.৪		
৫২	১৩২.৫	১২৩.৮	১১৭	১১১.৬	১০৭.৪	১০৪.১	১০১.৬	৯৯.৯	৯৮.৭			
৫৩	১৩৪.৫	১২৬	১১৯.৪	১১৪.২	১১০.২	১০৭.১	১০৪.৯	১০৩.৪				
৫৪	১৩৬.৭	১২৮.৪	১২২	১১৭	১১৩.৩	১১০.৫	১০৮.৫					
৫৫	১৩৯.১	১৩১	১১৭	১২০.২	১১৬.৭	১১৪.১						

বিঃ দ্রঃ প্রিমিয়াম প্রদান পদ্ধতি বার্ষিক হলে ২.০০ টাকা এবং সন্মাসিক হলে ১.০০ টাকা হারে উল্লেখিত প্রিমিয়াম হার হতে হ্রাস পাবে।